



ট্রাবলশুটার টিম

পিসির ঝুটঝামেলা



সমস্যা : আমার পিসির কনফিগারেশন হচ্ছে পেন্টিয়াম ডুয়াল কোর, ১ গিগাবাইট র‍্যাম ও ৩২০ গিগাবাইট হার্ডডিস্ক। আমার

পিসির সমস্যা হচ্ছে সাউন্ড সিস্টেমে আমি মাইক্রোলায়্যাবের ২:১ স্পিকার ব্যবহার করি। গান চালানোর সময় প্লেতে ক্লিক করলেই “There may not be a sound device installed on your computer.” মেসেজ দেখায়। এ সমস্যা মাঝে মাঝে দেখা দিলেও বাকি সময় ঠিক থাকে। এর সমাধানের উপায় কী?

—মাহিন, রামপুরা

সমাধান : আপনার পিসির সাউন্ড সিস্টেম বিল্ট-



ইন হয়ে থাকলে ড্রাইভার আন-ইনস্টল করে আবার ইনস্টল করে দেখুন। তারপরও যদি এ সমস্যা দেখায়, তাহলে মাদারবোর্ডের

সাউন্ড চিপসেট বদলাতে হবে। তার চেয়ে সহজ উপায় হচ্ছে একটি এক্সটার্নাল সাউন্ড কার্ড কিনে নেয়া। বাজারে এখন বেশ কম খরচে ইউএসবি সাউন্ড কার্ড পাওয়া যায়। চাইলে তা কিনে ব্যবহার করে দেখতে পারেন। যদি আপনার পিসিতে এক্সটার্নাল সাউন্ড কার্ড থেকে থাকে, তবে তা প্লট থেকে খুলে ভালোভাবে পরিষ্কার করে আবার লাগিয়ে নিন এবং ড্রাইভার আন-ইনস্টল করে নতুন করে আবার ইনস্টল করে নিন। এতে আপনার সাউন্ড সিস্টেমের এ সমস্যা দূর হয়ে যাবে আশা করি। যদি তাও না হয়, তবে সাউন্ড কার্ড বদলানো ছাড়া আর কোনো উপায় নেই।

সমস্যা : আমার পিসি বেশ পুরনো। পেন্টিয়াম ফোর ২.২৬ গিগাহার্টজ প্রসেসর, ৫১২ মেগাবাইট র‍্যাম ও ১২০ গিগাবাইট হার্ডডিস্ক।



আমার পিসি মাঝে মধ্যে চলতে চলতে হঠাৎ বন্ধ হয়ে যায়। মোটামুটি ১০-১৫ মিনিট পর্যন্ত চলে তারপর হঠাৎ করে বন্ধ হয়ে যায়।

এটি কি জন্য হচ্ছে? কম খরচের মধ্যে নতুন কোনো পিসি কিনলে ভালো হবে কী?

— রায়হান, মোহাম্মদপুর

সমাধান : পিসি অন করার কিছুক্ষণ পর বন্ধ হয়ে



যাওয়ার সমস্যা বেশিরভাগ ক্ষেত্রে পাওয়ার সাপ্লাই ইউনিট দুর্বল হয়ে যাওয়ার কারণে হয়ে থাকে। পুরনো কমপিউটারের ক্ষেত্রে এটি

একটি সাধারণ সমস্যা। কেননা সময়ের সাথে সাথে পাওয়ার সাপ্লাই ইউনিটের কার্যক্ষমতা কমতে থাকে। পিসি বেশি গরম হয়ে গেলে পাওয়ার সাপ্লাই ইউনিটে পাওয়ার ফেইল্যুরের কারণে পিসি বন্ধ হয়ে যায়। যদি আগের পিসিটি রেখে দিতে চান তবে নতুন পাওয়ার সাপ্লাই ইউনিট কিনে ব্যবহার করতে পারবেন। আর সবচেয়ে ভালো হয় পিসিটি বিক্রি করে দিয়ে নতুন আরেকটি পিসি কিনে ফেলা। কম খরচের মধ্যে বলতে আপনি কত বোঝাতে চেয়েছেন তার ধারণা দিলে কমপিউটার কেনার ব্যাপারে আরো ভালো পরামর্শ দেয়া সম্ভব হতো। কোরআই থ্রি মানের পিসি কিনতে পারলে খুব ভালো হয়। পেন্টিয়াম থ্রি মানের প্রসেসর দিয়ে পিসির দাম পড়তে পারে ৩২-৩৫ হাজার টাকা। যদি তা বাজেটে না কুলোয় তবে পেন্টিয়াম জি সিরিজের প্রসেসর কিনে নিতে পারেন। এর দাম পড়বে ২৫ হাজার টাকার মতো। র‍্যাম ২ গিগাবাইট বা তার বেশি কেনার চেষ্টা করুন।

সমস্যা : আমার পিসির কনফিগারেশন ইন্টেল



পেন্টিয়াম জি৬২০ ২.৬ গিগাহার্টজ, আসুস মাদারবোর্ড, ১ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম ও ৫০০ মেগাবাইট হার্ডডিস্ক। আমি

উইন্ডোজ সেভেন আল্টিমেট অপারেটিং সিস্টেম ব্যবহার করি। আমার পিসিতে যদি একই সাথে গুগল ক্রোম ও অন্যান্য কোনো প্রোগ্রাম চালু করি, তখন পিসি শ্লো হয়ে যায়। অনেক সময় শুধু গুগল ক্রোমে বেশি ট্যাব খুললেও পিসি শ্লো হয়ে যায় এবং মাঝে মাঝে হ্যাং করে। এটি কি উইন্ডোজের সমস্যা না ভাইরাসের কারণে এমন হচ্ছে?

— আশরাফুল ইসলাম, কমলাপুর

সমাধান : আপনার পিসির কনফিগারেশনে র‍্যামের



পরিমাণ কম হয়ে গেছে। আপনার পিসির জন্য কমপক্ষে ২ গিগাবাইট র‍্যাম ব্যবহার করা উচিত। ভালো হয় যদি ৪ গিগাবাইট র‍্যাম ব্যবহার করতে পারেন। ৪ গিগাবাইট র‍্যাম ব্যবহার করতে চাইলে অপারেটিং সিস্টেম ৬৪ বিট ব্যবহার করতে হবে নতুবা ৪ গিগাবাইট র‍্যামের পুরোটা ব্যবহার করতে পারবেন না। যদি মাদারবোর্ড সাপোর্ট করে তবে ১৬০০ মেগাহার্টজ বাসস্পিডের ৪ গিগাবাইট র‍্যাম ব্যবহার করুন। এতে পিসির পারফরম্যান্স বেশ ভালো পাবেন।

ফিডব্যাক : jhutjhamela24@gmail.com

জেনে নিন

ইন্টারনেট ২০ বিলিয়নের বেশি ওয়েবপেজ রয়েছে। এ সংখ্যা দিনদিন বাড়ছে। বর্তমানে সারা বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারীরা সংখ্যা ২ বিলিয়নের বেশি।